শিশু বিকাশ প্রকল্প অধিকারিকের কার্যালয়
আমতা ২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
বেতাই , জেলা - হাওড়া।

তারিখ ঃ ২৭ / ০৪ / ২০২২

স্মারক নং ঃ ১২০ /আই.সি.ডি.এস. /আমতা -২

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা আমতা ২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, জেলা-হাওড়া -এর অন্তর্গত অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলিতে শূন্যপদগুলি পূরনের জন্য অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে উপযুক্ত মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই পদ গুলি কোন স্থায়ী সরকারী পদ নয়, স্বেচ্ছাসেবামূলক পদ, নির্বাচিত প্রার্থীরা শুধুমাত্র সরকার নির্ধারিত সাম্মানিক ভাতা পাবেন এবং কোনও কারনে প্রকল্প স্থগিত বা বন্ধ হয়ে গেলে তাদের দায়দায়িত্ব নিতে সরকার বাধ্য থাকবেন না।

অঙ্গনওয়াড়ী কর্মী পদে প্রার্থীদের আমতা ২নং প্রকল্পের এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সহায়িকা পদে প্রার্থীদের যে গ্রাম পঞ্চায়েত এলাকায় শূন্যপদটি অবস্থিত, সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।

আগামী ইং ২৭/০৪ /২০২২ তারিখ থেকে ২৩/০৫/২০২২ তারিখ পর্যন্ত প্রতিটি সরকারী কাজের দিন অত্র প্রকল্প অফিসে দুপুর ১২টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত আবেদনপত্র গ্রহন করা হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ঃ ২৩/০৫/২০২২ , বিকাল ৪ টা পর্যন্ত।

**পদগুলির বিবরণ ঃ-**

**বর্তমান বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত সরাসরি নিয়োগের উপযুক্ত পদগুলির সংখ্যা ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ঃ মোট শূন্যপদ = ৬
অঙ্গনওয়াড়ী সহায়িকা ঃ মোট শূন্যপদ = ৫২

**পদগুলির অবস্থান ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী পদগুলি আমতা ২নং পঞ্চায়েত সমিতি, হাওড়া -এর অন্তর্গত গ্রাম পঞ্চায়েত গুলিতে অবস্থিত।

| সাধারণ | তপশিলি জাতি | তপশিলি উপজাতি | অন্যানা অনগ্রসর শ্রেণী | অন্যানা অনগ্রসর শ্রেণী | প্রতিবন্ধি | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | এ | বি | | |
| ০৩ | ০১ | ০০ | ০১ | ০১ | ০০ | ০৬ |

অঙ্গনওয়াড়ী সহায়িকা পদগুলি আমতা ২নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত নিম্নলিখিত গ্রাম পঞ্চায়েত গুলিতে অবস্থিত :-

| সাধারণ | তপশিলি জাতি | তপশিলি উপজাতি | অন্যান্য অনগ্রসর শ্রেণী | অন্যান্য অনগ্রসর শ্রেণী | প্রতিবন্ধি | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | এ | বি | | |
| ২৮ | ১২ | ০৩ | ০৫ | ০৩ | ০১ | ৫২ |

..............পৃষ্ঠা-২............

**পদগুলির অবস্থান :- অঙ্গনওয়াড়ী সহায়িকার শূন্যপদের গ্রামপঞ্চায়েত ভিত্তিক বিভাজন**

| ক্রমিক সংখ্যা | গ্রাম পঞ্চায়েতের নাম | সাধারন | তপশিলি জাতি | তপশিলি উপজাতি | অন্যান্য অনগ্রসর শ্রেণী এ | অন্যান্য অনগ্রসর শ্রেণী বি | প্রতিবন্ধি | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | অমরাগড়ী | ৩ | ২ | ১ | ০ | ০ | ১ | ৭ |
| ২ | ভাটোরা | ২ | ১ | ০ | ০ | ১ | ০ | ৪ |
| ৩ | বি-কে-বাটি | ২ | ১ | ০ | ১ | ০ | ০ | ৪ |
| ৪ | গাজিপুর | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ |
| ৫ | জিবি চিৎনান | ২ | ১ | ০ | ১ | ০ | ০ | ৪ |
| ৬ | জয়পুর | ২ | ১ | ০ | ১ | ১ | ০ | ৫ |
| ৭ | ঝামটিয়া | ২ | ১ | ১ | ০ | ০ | ০ | ৪ |
| ৮ | ঝিকিরা | ২ | ১ | ০ | ০ | ১ | ০ | ৪ |
| ৯ | খালনা | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ |
| ১০ | কাশমলি | ২ | ১ | ০ | ১ | ০ | ০ | ৪ |
| ১১ | কুশবেড়িয়া | ২ | ১ | ০ | ১ | ০ | ০ | ৪ |
| ১২ | তাজপুর | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ |
| ১৩ | থলিয়া | ৩ | ২ | ১ | ০ | ০ | ০ | ৬ |
| ১৪ | নওপাড়া | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ |
| মোট | শূন্যপদ | ২৮ | ১২ | ০৩ | ০৫ | ০৩ | ০১ | ৫২ |

**আবেদনকারীর বয়স ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন, ১লা এপ্রিল, ২০২২ তারিখে তাদের বয়স নূন্যতম ১৮বছর এবং সর্বাধিক ৪৫ বছর হতে হবে।

**কর্মজীবনের অবসানের বয়স ঃ-**

বর্তমানে সরকারী নির্দেশিকা অনুযায়ী প্রতিটি অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা ৬৫ (পয়ষট্টি) বছর বয়স পূর্ণ হলে এই স্বেচ্ছাসেবামূলক কাজ থেকে তাদের বাধ্যতামূলকভাবে কর্মজীবনের অবসান ঘটবে।

**আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ-**

**অঙ্গনওয়াড়ী কর্মী** পদের সকল প্রার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা --- যে কোনো সরকারিভাবে অনুমোদিত বোর্ড থেকে **মাধ্যমিক বা সমতুল্য** পরীক্ষা উত্তীর্ন। তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য আবেদন করতে পারবেন।

**অঙ্গনওয়াড়ী সহায়িকা** পদে সকল প্রার্থীদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা -- অষ্টম শ্রেণী পরীক্ষা **উত্তীর্ন**। তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের জন্য আবেদন করতে পারবেন।

**প্রার্থী নির্বাচন প্রক্রিয়া ঃ-**

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের জন্য প্রার্থীদের নিম্নলিখিত লিখিত পরীক্ষায় (পূর্নমান-৯০) বসতে হবে এবং লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্নমান -১০। লিখিত পরীক্ষায় যেসব বিষয়ের পরীক্ষা নেওয়া হবে, সেগুলি হল ঃ

| | | | |
|---|---|---|---|
| ক) | মাতৃভাষায় ১৫০ শব্দের রচনা লিখন(অষ্টমশ্রেনী মান) | ঃ | পূর্নমান - ১৫ |
| খ) | পাটি গনিত(অষ্টমশ্রেনী মান) | ঃ | পূর্নমান - ২০ |
| গ) | পুষ্টি-জনস্বাস্থ্য-মহিলাদের অবস্থান বিষয়ক প্রশ্ন | ঃ | পূর্নমান - ১৫ |
| ঘ) | ইংরেজী ভাষাজ্ঞান (প্রার্থীর ইংরেজী ভাষা সম্পর্কে সাধারণ জ্ঞান, ভাষান্তরকরণ/অনুবাদ ইত্যাদি)(অষ্টম শ্রেনী মান) | ঃ | পূর্নমান - ২০ |
| ঙ) | সাধারণ জ্ঞান | ঃ | পূর্নমান - ২০ |

**(অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদের পরীক্ষার্থীদের জন্য পৃথক প্রশ্নপত্র রচিত হবে)**

আবেদনপত্রের সঙ্গে যা যা জমা দিতে হবে ঃ-

১) প্রার্থীর বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট (মূলকপি)।

২) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেট, (স্বপ্রত্যয়িত কপি)।

৩) প্রার্থীর বয়স সংক্রান্ত সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৪) প্রার্থীর জাতিগত পরিচয় সংক্রান্ত সার্টিফিকেট ও SDO-এর বা তাঁর উচ্চ ও সমতুল্য অফিসের সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত কপি)।

৫) প্রার্থীর সাম্প্রতিক তোলা তিন কপি পাসপোর্ট সাইজ ছবি **(একটি পাসপোর্ট ছবি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আটকে দিতে হবে এবং অন্য ২-টি ছবি দুটি ADMIT CARD- এ আটকে দিতে হবে)।**

৬) **আবেদনকারীর নাম ও সম্পূর্ন ডাক যোগের ঠিকানা সম্বলিত এবং দুটি ছয় (৬/-) টাকার ডাকটিকিট সম্বলিত দুটি** Self address **খাম**

৭) এপিক, আধার কার্ড এর কপি(স্বপ্রত্যয়িত কপি)।

**বিজ্ঞপ্তিতে বর্ণিত দরখাস্তের বয়ান আনুয়ায়ী প্রতিটি কলম সম্পূর্ণ রূপে পুরণ করে নিম্নস্বাক্ষরকারীর কার্য্যালয়ে জমা দিতে হবে; উক্ত বয়ান ব্যতীত অন্য কোনো বয়ানে আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে। উপরিউক্ত সকল প্রমান পত্র ও ২টি ৬/- টাকার ডাকটিকিট লাগানো, ২টি** self address **খাম সহ আবেদনপত্রটি একটি বড় খামে ভরে মুখবন্ধ অবস্থায় সুসংহত শিশুবিকাশ প্রকল্প আধিকারিক, আমতা -২নং সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প ,হাওড়া এই ঠিকানায় প্রদান করতে হবে। উক্ত খামের ওপর কোন পদের জন্য (অঙ্গনওয়াড়ী কর্মী /সহায়িকা ) আবেদন করা হয়েছে সঠিকভাবে তার উল্লেখ থাকা বাধ্যতামূলক। তদুপরি খামের বামদিকে আবেদনকারীর নাম , জাতিগত পরিচয় যথা- ( SC/ST/OBC-A/OBC-B/PH) এবং গ্রাম পঞ্চায়েতের নামসহ ঠিকানা অবশ্যই লিখতে হবে।**

**দরখাস্ত জমা দেবার শেষ তারিখ :- ২৩/০৫/২০২২ (বিকাল ৪ টা পর্যন্ত)**

**আবেদনকারীদের প্রতি কয়েকটি নির্দেশ ঃ-**

১) বিজ্ঞপ্তির সঙ্গে যে আবেদনপত্রের নমুনা দেওয়া হল, ঐ নমুনা অনুযায়ী আবেদন করতে হবে। নমুনা আবেদন পত্রটি ফটোকপি করে তাতে আবেদন করলে তাও গ্রাহ্য করা হবে। উপরন্তু সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি official website of Howrah District ( howrah.gov.in ) থেকে ডাউনলোড করা যেতে পারে। নমুনা অনুসারে সঠিকভাবে আবেদন পত্র ও দুটি প্রবেশ পত্র সম্পূর্ণ করে নির্দিষ্ট অফিসে জমা দিতে হবে ,জমার জন্য কোনো রসিদ কর্তৃপক্ষের পক্ষ থেকে দেওয়া হবেনা।

২) আবেদনকারীকে নিজে স্বাক্ষর করতে হবে । বিনা স্বাক্ষরিত ফর্ম বাতিল হবে ।

৩) **নিজের** (Postal Address) , **সম্পূর্ন ডাক - পোস্ট যোগাযোগের ঠিকানা যদি ভুল হয় এবং তার জন্য** Admit card **বা অন্য কোন যোগাযোগ না করা যায় তাহলে** cdpo office **কোনভাবেই দায়ী থাকবে না ।**

৪) কোনো ভুল বা অসঙ্গত তথ্য দিয়ে উপরোক্ত শর্তাবলী লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৫) পদে নিযুক্তির পরবর্তী সময়ে কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্তাবলীর কোনটি লঙ্ঘিত হয়েছিল বলে প্রমাণিত হলে তৎক্ষণাৎ সেই নিযুক্তি বাতিল হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে সরকারী নিয়ম অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হবে।

৬) আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হবে । জমা আবেদন পত্রে কোন পরিবর্তনের জন্য কোন অনুরোধ বিবেচিত হবে না ।

৭) কোন পরীক্ষায় হাজির হওয়ার জন্য কোন গাড়ী ভাড়া বা খাওয়া খরচ পাওয়া যাবে না ।

৮) প্রার্থীদের বাসস্থান সংক্রান্ত সার্টিফিকেট এলাকায় সাংসদ/বিধায়ক/জেলা পরিষদ সভাপতি/পঞ্চায়েত সমিতির সভাপতি/গ্রাম পঞ্চায়েতের প্রধান অথবা জেলাশাসক/অতিরিক্ত জেলাশাসক/মহকুমাশাসক/সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি.ডি.ও.)-এর কাছ থেকে সংগ্রহ করতে হবে।

৯) সংরক্ষিত পদগুলির ক্ষেত্রে শুধুমাত্র জেলাশাসক/মহকুমাশাসক প্রদত্ত তপশিলি জাতি/তপশিলি উপজাতি/ও.বি.সি.(এ/বি) সংক্রান্ত সার্টিফিকেট গ্রাহ্য করা হবে।

Sabyasachi Tuin
27/04/2022

শিশু বিকাশ প্রকল্প অধিকারিক
আমতা - ২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
বেতাই , হাওড়া।

স্মারক নং ঃ ১২০ /১ (৩৮)/আই.সি.ডি.এস /আমতা-২ তারিখ ঃ ২৭ /০৪ /২০২২

এই বিজ্ঞপ্তির প্রতিলিপি সংশ্লিষ্ট কার্য্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ জানিয়ে প্রেরন করা হলো :

১ | মাননীয়া শ্রীমতী মুক্তা আর্যা, চেয়ারপার্সন ডি. এল. এম. এস. সি হাওড়া এবং জেলাশাসক, জেলা- হাওড়া।

২| মাননীয় ডাক্তার রাণা চ্যাটার্জী ভাইস-চেয়ারপার্সন ডি. এল. এম. এস. সি, হাওড়া, বিধায়ক বালি বিধানসভা কেন্দ্র, পশ্চিমবঙ্গ সরকার, জেলা-হাওড়া।

৩| মাননীয় শ্রী সীতানাথ ঘোষ, সদস্য ডি. এল. এম. এস. সি হাওড়া, বিধায়ক, জগতবল্লভপুর বিধানসভা কেন্দ্র, পশ্চিমবঙ্গ সরকার জেলা-হাওড়া।

৪| মাননীয় শ্রী সুকান্ত পাল, মাননীয় বিধায়ক, আমতা বিধানসভা কেন্দ্র , পশ্চিমবঙ্গ সরকার, জেলা- হাওড়া।

৫| মাননীয় অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), জেলা- হাওড়া।

৬| মাননীয় মহকুমা শাসক, উলুবেড়িয়া, হাওড়া ।

৭| জেলা প্রকল্প আধিকারিক (আই. সি. ডি. এস) , হাওড়া ।

৮| মাননীয় সভাপতি, আমতা-২ পঞ্চায়েত সমিতি, হাওড়া ।

৯| সমষ্টি উন্নয়ন আধিকারিক, আমতা-২ , হাওড়া ।

১০| মাননীয় সহ-সভাপতি, আমতা-২ পঞ্চায়েত সমিতি, হাওড়া ।

১১| ব্লক স্বাস্থ্য আধিকারিক (বি. এম. ও. এইচ ), আমতা-২, হাওড়া ।

১২| কর্মাধক্ষ্যা নারী শিশু ও ত্রাণ, আমতা-২ পঞ্চায়েত সমিতি, হাওড়া ।

(১৩-২১) শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, বাগনান -১ ,বাগনান -২, উলুবেড়িয়া -১ ,উলুবেড়িয়া -২ , উলুবেড়িয়া (আরবান ) ,শ্যামপুর -১, শ্যামপুর -২ ,আমতা-১ ,উদয়নারায়ণপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, হাওড়া।

(২২-৩৫)| প্রধান- নওপাড়া, তাজপুর, থলিয়া, ঝিকিরা, ঝামটিয়া, খালনা, বিকে বাটি, জিবি চিৎনান, অমরাগড়ি, কাশমলি, কুশবেরিয়া, গাজিপুর, জয়পুর, ভাটোরা গ্রাম পঞ্চায়েত , আমতা-২ পঞ্চায়েত সমিতি , হাওড়া ।

৩৬| The D. I. O. NIC, Howrah, with a request to upload this notice in the official website of Howrah District (howrah. gov. in).

৩৭| The D. I. C. O, Howrah, with a request to publish this notice in two (2) local newspapers of Howrah.

৩৮| নোটিশ বোর্ড , শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
আমতা-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, হাওড়া ।

27.04.2022

শিশু বিকাশ প্রকল্প অধিকারিক

আমতা - ২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

# অঙ্গনওয়ারি কর্মী / সহায়িকা পদের জন্য আবেদনপত্রের বয়ান
## ( যে পদ এর জন্য আবেদন করছেন সেটা রেখে অন্য টি কেটে দিন)

এখানে ছবি লাগান

মাননীয়
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক,
আমতা - ২নং, সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, হাওড়া।

মহাশয়,

আমি অঙ্গনওয়াড়ী কর্মী / সহায়িকা পদের জন্য আবেদন করছি, আমার সমস্ত বিবরন নিম্নে প্রদত্ত হল।

০১) প্রার্থীর সম্পূর্ন নাম ঃ ..............................................................

প্রার্থীর সম্পূর্ন নাম (English capital letter)--------------------------------------------

০২) পিতা/স্বামীর নাম ঃ ..............................................................

০৩) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম-.............................., পোষ্ট - ..............................

গ্রাম পঞ্চায়েত - .............................., থানা - ..............................

জেলা - .............................., পিন কোড নং - ..............................

০৪) বর্তমান ঠিকানা ঃ গ্রাম-.............................., পোষ্ট - ..............................

গ্রাম পঞ্চায়েত - .............................., থানা - ..............................

জেলা - .............................., পিন কোড নং - ..............................

০৫) জন্ম তারিখঃ .............................................., (ইংরাজি সন অনুযায়ী)

০৬) বয়স (০১/০৪/২০২২ তারিখে) ঃ ....................বছর, ....................মাস, ....................দিন

০৭) শিক্ষাগত যোগ্যতা ..............................................................

০৮) প্রার্থী তপশিলী উপজাতি/তপশিলী জাতি/ও.বি.সি.(এ/বি) ভুক্ত কিনা? ঃ ..............................

০৯) শারিরীক প্রতিবন্ধী কিনা ঃ ..............................................

১০) এপিক নং ঃ .............................. ১১) আধার নং ঃ..............................

১২) **মোবাইল নং** ঃ..............................

১৩) প্রার্থীর মাতৃভাষা ঃ ..............................................

(৩ নং থেকে ১১নং সারনীতে বর্নিত সমস্ত প্রমান পত্রের স্বপ্রত্যয়িত কপি জমা দিতে হবে)

### ঘোষণাপত্র

আমি অঙ্গীকার করছি যে উপরোক্ত সমস্ত তথ্য সর্বৈব সত্য এবং এর কোন একটি ভুল বা মিথ্যা প্রমানিত হলে আমার প্রার্থীপদ বাতিল বলে গন্য হবে এবং আমি তা মেনে নিতে বাধ্য থাকবো।

প্রার্থীর সম্পূর্ন স্বাক্ষর ঃ ..............................................

প্রার্থীর সম্পূর্ন নাম ঃ ..............................

তারিখ ঃ ..............................

# পশ্চিমবঙ্গ সরকার
## শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের করণ
## আমতা ২নং সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
## বেতাই , হাওড়া
## লিখিত পরীক্ষার প্রবেশপত্র

ছবি লাগান ও স্বাক্ষর করুন

**( নিজ হাতে পূরণ করুন)**

Name : ..................................................
( In Block Letter )
অভিভাবকের নাম : ..................................................

গ্রাম : .................................................. পোষ্ট : ..................................
**থানা :** **জেলা : হাওড়া**

**লিখিত পরীক্ষার স্থান ,সময় ও তারিখ**

রোল নং (office use) :

পরীক্ষা কেন্দ্র (office use) :

সময় ও তারিখ (office use) :

জরুরী বিষয় : -
১ . নির্ধারিত পরীক্ষার দিনে এই প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনবেন ।
২ . পরীক্ষা গ্রহণের অন্তত ৩০ (ত্রিশ ) মিনিট পূর্বে পরীক্ষা গ্রহণ কেন্দ্রে উপস্থিত হতে হবে ।
৩ . ২ ( দুটি ) নীল অথবা কালো কালির ডট পেন আনবেন ।
৪ . মোবাইল , ক্যালকুলেটর পরীক্ষাকেন্দ্রে নিয়ে যাওয়া নিষিদ্ধ ।
৫ . পশ্নপত্রে যে নির্দেশিকা থাকবে তা কঠোরভাবে মেনে চলতে হবে নতুবা প্রার্থীপদ বাতিল হবে ।
৬ . সচিত্র পরিচয় পত্র ( ভোটার কার্ড , আধার কার্ড বা অন্যান্য ) আনতে হবে ।
৭ . পরীক্ষায় বসবার জন্য কোনো যাতায়াত ও রাহা খরচ দেওয়া হবে না ।
৮ . কোনো অসৎ উপায় অবলম্বন করলে প্রার্থীপদ বাতিল হবে ও কর্তৃপক্ষ চাইলে উপযুক্ত বাবস্থা গ্রহণ করতে পারে ।
৯ . পরীক্ষা গ্রহণ ক্ষেত্রে পরীক্ষকের নির্দেশ মেনে চলতে হবে ।
১০ . যে ছবি আবেদন পত্রে দিয়েছেন সেই একই ছবি এখানে লাগাবেন ।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
আমতা ২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
বেতাই , হাওড়া

পশ্চিমবঙ্গ সরকার

শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের করণ

আমতা ২নং সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প

বেতাই , হাওড়া

## মৌখিক পরীক্ষার প্রবেশপত্র

ছবি লাগান ও স্বাক্ষরকরবেন ।

( নিজ হাতে পূরণ করুন)

Name : ................................................

( In Block Letter )

অভিভাবকের নাম : ..........................................................................

গ্রাম : ...................................................... পোষ্ট : ....................................

থানা : জেলা : হাওড়া

### মৌখিক পরীক্ষার স্থান ,সময় ও তারিখ

রোল নং (office use) :

পরীক্ষা কেন্দ্র (office use) :

সময় ও তারিখ (office use) :

জরুরী বিষয় : -

১ . নির্ধারিত পরীক্ষার দিনে এই প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনবেন ।
২ . পরীক্ষা গ্রহণের অন্তত ৩০ (ত্রিশ ) মিনিট পূর্বে পরীক্ষা গ্রহণ কেন্দ্রে উপস্থিত হতে হবে ।
৩ . ২ ( দুটি ) নীল অথবা কালো কালির ডট পেন আনবেন ।
৪ . মোবাইল , ক্যালকুলেটর পরীক্ষাকেন্দ্রে নিয়ে যাওয়া নিষিদ্ধ ।
৫ . পশ্নপত্রে যে নির্দেশিকা থাকবে তা কঠোরভাবে মেনে চলতে হবে নতুবা প্রার্থীপদ বাতিল হবে ।
৬ . সচিত্র পরিচয় পত্র ( ভোটার কার্ড , আধার কার্ড বা অন্যান্য ) আনতে হবে ।
৭ . পরীক্ষায় বসবার জন্য কোনো যাতায়াত ও রাহা খরচ দেওয়া হবে না ।
৮ . কোনো অসৎ উপায় অবলম্বন করলে প্রার্থীপদ বাতিল হবে ও কর্তৃপক্ষ চাইলে উপযুক্ত বাবস্থা গ্রহণ করতে পারে ।
৯ . পরীক্ষা গ্রহণ ক্ষেত্রে পরীক্ষকের নির্দেশ মেনে চলতে হবে ।
১০ . যে ছবি আবেদন পত্রে দিয়েছেন সেই একই ছবি এখানে লাগাবেন ।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক

আমতা ২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

বেতাই , হাওড়া